



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

৩৪৫০২

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৬/ ৩৫১৮

তারিখঃ ৮/০২/২০১৭খ্রিঃ


বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ মোফাছেল হক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য (প্রাক্তন সেক্রেটারী) জনাব মোঃ কাদিমুল ইসলাম খন্দকার একথানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে অবৈধভাবে সুপারকে বরখাস্ত করা, বেতন-ভাতা প্রদান না করা, প্রকৃত প্রতিষ্ঠাতা/দাতা সদস্যকে বাদ দিয়ে অন্য একজনকে সভাপতি হিসাবে নির্বাচিত করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। এ বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য ইতোপূর্বে পত্র দেয়া হয়েছিল অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

  
৪/২/১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
সদর, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৬/

তারিখঃ ১০/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসা, সদর, কুড়িগ্রাম।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসা, সদর, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ কাদিমুল ইসলাম খন্দকার, পিতা- মৃত আঃ রহিম উদ্দিন খন্দকার, নাজিরা, খলিলগঞ্জ, সদর, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪



বরাবর,

রেজিষ্টার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশিবার্জার, ঢাকা-১২১১।

মাধ্যমঃ বিরোধী দলীয় চীফ হুইপ মোঃ তাজুল ইসলাম চৌধুরী, এমপি, (সাবেক মন্ত্রী) সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও বিরোধী দলীয় চীফ হুইপ বাংলাদেশ জাতীয় সংসদ।

কুড়িগ্রাম জেলা সদর উপজেলার আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ মোফাচেহল হক তিনি বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ভারপ্রাপ্ত সুপার নহেন। তিনি অবৈধভাবে সাজানো অত্র মাদরাসার প্রাক্তন সভাপতির ব্যক্তিগত ভারপ্রাপ্ত সুপার বটে। তাহার মতামত অবৈধ মতামত বটে। প্রকাশ থাকে যে, মাদরাসার শিক্ষাবোর্ড কর্তৃক নিয়োজিত সুপার মোঃ সাইফুল ইসলাম কে প্রায় এক বৎসর যাবৎ প্রাক্তন সভাপতি একখানা পত্র মারফৎ সাময়িক বরখাস্ত করেন। যাহা মাদরাসার শিক্ষাবোর্ড সহ কোথাও তাহার কপি প্রদান করেন নাই। অথচ মাদরাসা বোর্ড কর্তৃক পুরা বেতন পেলেও তাহাকে অর্ধেক প্রদান করা হচ্ছে। ইহা প্রাক্তন সভাপতির আইন। যাহা বৎসর পার হইলেও বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ডকে এখনও অবগত করা হয় নাই। মাদরাসার কমিটির অন্যান্য সকল সদস্য তাহার সাময়িক বরখাস্ত বৈধ নয় মতে সকলে সুপারিশ করিলেও তিনি তাহা অগ্রাহ্য করেই চলছেন।

এমতাবস্থায়, বিরোধী দলীয় চীফ হুইপের ডিও লেটার খানা সত্যায়িত অনুলিপি ১৯/১২/১৬ইং নিম্নস্বাক্ষরকারী নিজেই কুড়িগ্রাম জেলা শিক্ষা অফিসের বারান্দায় প্রদান করিলেও তিনি তাহা অগ্রাহ্য করে প্রাক্তন অবৈধ প্রতিষ্ঠাতা সভাপতির নির্দেশ মত কাজ করিয়া চলিয়া আসিতেছেন। এ ব্যাপারে আমি গত ২৩/১১/১৬ইং মাননীয় চেয়ারম্যান বাংলাদেশ মাদরাসার শিক্ষাবোর্ড মহোদয়কে লিখিতভাবে অভিযোগ করি (সংযুক্তি কপি)। ইহা ছাড়া অত্র মাদরাসার এলাকার হিতাকামী ব্যক্তি দাতা প্রতিষ্ঠাতা ও দানশীল ব্যক্তিবর্গ গত ০৯/১৬ইং মাননীয় শিক্ষা মন্ত্রী বরাবর লিখিত এলাকাবাসীর অভিযোগ চেয়ারম্যান মাদরাসা শিক্ষাবোর্ড সহ শিক্ষা বিভাগীয় বিভিন্ন খানে প্রেরিত হয়। পরে উক্ত কপি ২য় বার ৩০/১০/১৬ ইং পুনরায় চেয়ারম্যান বাংলাদেশ মাদরাসার শিক্ষাবোর্ড সহ সব খানেই প্রেরিত হয় (কপি সংযুক্ত)। এ ব্যাপারে মাননীয় বিরোধী দলীয় চীফ হুইপ সাহেব জনাব মোঃ তাজুল ইসলাম সাহেব নিম্নস্বাক্ষরকারী উক্ত মাদরাসার আদি প্রতিষ্ঠাতা তিনি ব্যক্তিগতভাবে তাহা জানেন মতে আমাকে অত্র মাদরাসার পূর্বের সেক্রেটারী প্রতিষ্ঠাতা দাতা এবং প্রস্তুতকারক হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য আপনাকে অনুরোধ করে। ডিও লেটার প্রদান করিলে আমি আপনার দপ্তরে পিএ সাহেবের পরামর্শে মজুরী ফি বাবদ ৮০০/-টাকা মাদরাসার ব্যাংকে রেজিষ্টার বরাবরে সভাপতি হিসেবে জমা করি।

আরও প্রকাশ থাকে যে, গত ০৪/১০/১৬ইং তথ্য অধিকার আইনে উপ-রেজিষ্টার, তথ্য অধিকার দপ্তর প্রধান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবরে তথ্য অধিকার আইনে তথ্যাদি পাইবার জন্য মাদরাসার স্বার্থে প্রতিষ্ঠাতার সেক্রেটারী হিসেবে আবেদন করিয়াছিলাম। কিন্তু তখন ফলাফল প্রদান করেন নাই।

আরও প্রকাশ থাকে যে, উপজেলা নির্বাহী অফিসার কুড়িগ্রাম সদর সাহেবের গত ২৮/১০/১৬ইং তারিখের ১০৫০নং পত্রের আলোকে মাদরাসার নাম পরিবর্তন প্রার্থ্যনে প্রতিষ্ঠিত ১৯৮১ইং সালের প্রতিষ্ঠিত ও গঠিত বেলাগাছা দ্বিমুখী দাখিল মাদরাসার নাম পরিবর্তন করেন। আপনার তারিখের আর ৫৫৭নং পত্রে কিভাবে মাদরাসার নাম পরিবর্তনের আদেশ প্রদান করিয়াছেন। তাহা এলাকাবাসীর প্রশ্ন বর্তমান যদি উক্ত মাদরাসার আমসা আমিন সাহেবের বেলায় কোন কৈফিয়ত আদেশ নিষেধ মাদরাসার আইন-কানুন প্রযোজ্য নহে কি? তাহা কি জানার অধিকার আমার মত একজন সাধারণ প্রতিষ্ঠাতার ১৯৮১ সালে লক্ষাধিক টাকা দান করার এবং মাদরাসা প্রতিষ্ঠা করার বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড ঢাকার কাছে গ্রহণ যোগ্য নয়? তাই প্রমাণ সাপেক্ষে এবারে প্রতিষ্ঠাতা দাতার যাবতীয় দানের প্রতিষ্ঠান তৈরির রেকর্ড স্থানীয় এমপি ও বিরোধী দলীয় চীফ হুইপ সাহেবের মাধ্যমে আমি নিম্নস্বাক্ষরকারী আপনার কাছে সুবিচারের জন্য দাখিল করিলাম।

আশাকরি আপনি আমার ও এলাকাবাসীর যাবতীয় তথ্যাদি পুঙ্খানু পুঙ্খানু দেখে শুনে সিদ্ধান্ত নিবেন। আমি একজন মুক্তি যোদ্ধার স্বপক্ষে স্বাধীনতার সংগ্রামী প্রতিষ্ঠাতা ও দাতা আপনার বরাবরে আকুল আবেদন করিতেছি।

আশাকরি, সকল দেয়া তথ্যাদি সুবিবেচনায় রেখে আমাকে মাদরাসার সভাপতি পদ হইতে বঞ্চিত করিবেন না। এই আমার মাদরাসা কর্তৃপক্ষের কাছে আবেদন। প্রকাশ থাকে যে, ৩১-১২-১৬ইং বর্তমান মাদরাসার মঞ্জুরির শেষ দিন যাবতীয় তথ্যাদি সংযুক্ত করা হলো সর্বমোট ৭১ খানা।

তারিখঃ ৩১-১২-২০১৬ইং

অতি দায়িত্ব অর্হত পুঙ্খানু পুঙ্খানু

অনুমোদিত কর্তৃক হুইপ

৩০/১২/১৬ইং

বিনীত নিবেদক

(মোঃ কাদিমুল ইসলাম খন্দকার)

অবঃ প্রাপ্ত পেনশনভূগি প্রধান শিক্ষক সংগ্রাহ্যবিদ্যাঃ

পিতাঃ মৃতঃ রহিম উদ্দিন খন্দকার, সাং- নাজিরা, পোঃ খলিলগঞ্জ

উপজেলাঃ কুড়িগ্রাম সদর, জেলাঃ কুড়িগ্রাম।

দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য (প্রাক্তন সেক্রেটারী)

আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসা

মোবাঃ ০১৮৫৫৩৫৮৩২৯





# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৬/

তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ মোফাছেল হক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য (প্রাক্তন সেক্রেটারী) জনাব মোঃ কাদিমুল ইসলাম খন্দকার একথানা অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে অবৈধভাবে সুপারকে বরখাস্ত করা, বেতন-ভাতা প্রদান না করা, প্রকৃত প্রতিষ্ঠাতা/দাতা সদস্যকে বাদ দিয়ে অন্য একজনকে সভাপতি হিসাবে নির্বাচিত করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(১.....) পাতা।

*মোঃ*

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
সদর, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-১৭৬/৪৬/৬

তারিখঃ ১৭/০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. সুপার/ভারপ্রাপ্ত সুপার, আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসা, সদর, কুড়িগ্রাম।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদরাসা, সদর, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ কাদিমুল ইসলাম খন্দকার, পিতা- মৃত আঃ রহিম উদ্দিন খন্দকার, নাজিরা, খলিলগঞ্জ, সদর, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

*মোঃ*

*মোঃ*

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪